পরীক্ষা প্রস্তুতি

# ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি: ৪

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইসস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজে থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

**1. হর্যঙ্ক বংশের প্রতিষ্ঠাতা কে?**
(a) বিম্বিসার (b) ধর্মপাল
(c) আকবর (d) কুমারগুপ্ত

**2. মামা-ভাগ্নে পাহাড় পশ্চিমবঙ্গের কোন জেলায় দেখতে পাওয়া যায়?**
(a) বর্ধমান (b) বীরভূম
(c) উত্তর দিনাজপুর (d) মুর্শিদাবাদ

**3. ২০১৮ সালের আন্তর্জাতিক প্রবীণ দিবসের থিম কী?**
(a) Tapping the Talents of Older Persons in Society
(b) Take a Stand Against Ageism
(c) Celebrating Older Human Rights Champions
(d) Sustainability and Age Inclusiveness in the Urban Environment

**4. নিচের কোন মহিলা পদার্থবিজ্ঞানী ২০১৮ পদার্থবিজ্ঞানে নোবেল পান?**
(a) Lisa Randall (b) Donna Strickland
(c) Gabriela Gonzalez (d) None of these

**5. অজন্তার গুহাচিত্র কোন আমলে তৈরি হয়?**
(a) সেন আমলে (b) পাল আমলে
(c) গুপ্ত আমলে (d) কোনোটি ঠিক নয়

**6. 2 জন পুরুষ ও 5 জন বালক একটি কাজের অর্ধেক অংশ করে 5 দিনে এবং 3 জন পুরুষ ও 4 জন বালক কাজটির $\frac{1}{3}$ অংশ 3 দিনে করতে পারে। 9 জন পুরুষের ওই কাজটি করতে কত দিন লাগবে?**
(a) 3 দিন (b) 4 দিন
(c) 10 দিন (d) 5 দিন

**7. তিনটি নল দ্বারা একটি ট্যাঙ্ক যথাক্রমে 6 মি, 8 মি ও 12 মিনিটে পূর্ণ হতে পারে। তিনটি নলই একসঙ্গে খুলে দিলে, ট্যাঙ্কটি কত মিনিটে পূর্ণ হবে?**
(a) $2\frac{2}{3}$ মিনিটে (b) $2\frac{1}{3}$ মিনিটে
(c) $2\frac{3}{4}$ মিনিটে (d) $5\frac{2}{3}$ মিনিটে

**8. মহাদেশীয় ভূখণ্ড বা কন্টিনেন্টাল প্লেট কোন শিলা দিয়ে গঠিত?**
(a) গ্র্যানাইট (b) ব্যাসাল্ট
(c) মার্বেল পাথর (d) বেলেপাথর

**9. মিনা উপজাতি কোন রাজ্যে দেখা যায়?**
(a) মধ্যপ্রদেশ (b) রাজস্থান
(c) উত্তরপ্রদেশ (d) কোনোটি ঠিক নয়

**10. নিচের কোনটিকে 'বজ্রবিদ্যুতের দেশ' বলা হয়?**
(a) ভুটান (b) নেপাল
(c) কিউবা (d) জাপান

**11. জামা মসজিদ কে তৈরি করেছিলেন?**
(a) শাহজাহান (b) হুমায়ুন
(c) জাহাঙ্গীর (d) আকবর

**12. ইমামবাড়া ও ফুরফুরাশরীফ পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?**
(a) বাঁকুড়া (b) হুগলি
(c) দক্ষিণ ২৪ পরগনা (d) উত্তর দিনাজপুর

**13. স্টেনলেস স্টিল কে আবিষ্কার করেন?**
(a) লুই ম্যাকুইস (b) হ্যারি ব্রিয়ারলি
(c) স্টেইনার (d) কোনোটি সঠিক নয়

**14. কোন রোগের জন্য দায়ী কার্সিনোজেনিক রাসায়নিক?**
(a) হৃদ্‌রোগ (b) ডায়াবেটিস
(c) ক্যান্সার (d) অ্যাজমা

**15. উত্তর গোলার্ধে বছরের কোন দিনটি সবচেয়ে বড় হয়?**
(a) ২০ মে (b) ২১ জুন
(c) ২০ জুলাই (d) ২১ আগস্ট

**16. পণ্ডিত তুলসীদাস বরকার (সম্প্রতি মারা গিয়েছেন) কোন বাদ্যযন্ত্রে পারদর্শী ছিলেন?**
(a) হারমোনিয়াম (b) বাঁশি
(c) ব্যাঞ্জো (d) ঢাক

**17. হাজারিবাগ জাতীয় উদ্যান কোন রাজ্যে অবস্থিত?**
(a) বিহার (b) ঝাড়খণ্ড
(c) রাজস্থান (d) মধ্যপ্রদেশ

**18. স্বামী বিবেকানন্দ কত সালে শিকাগো ধর্ম সম্মেলনে যোগ দেন?**
(a) ১৭৯৩ সালে (b) ১৮৯৩ সালে
(c) ১৯০২ সালে (d) কোনোটি ঠিক নয়

**19. সবুজ পতাকার উপর লাল আলো ফেললে সেটি কোন রঙের দেখাবে?**
(a) হলুদ (b) লল
(c) কালো (d) খয়েরি

**20. গুরু নানকের জন্মস্থান কোনটি?**
(a) গুরুদাসপুর (b) অমৃতসর
(c) লাহোর (d) তালওয়ান্দি

**21. নিম্নলিখিত কোন শহরটি 'ভারতের ছোট মুম্বই' নামে পরিচিত?**
(a) ইন্দোর (b) জয়পুর
(c) পশ্চিমবঙ্গ (d) বেঙ্গালুরু

**22. পতঙ্গ সম্পর্কিত বিদ্যাকে কী বলে?**
(a) এনটোমোলজি (b) ইথোলজি
(c) এটিমোলজি (d) ইকোথিওলজি

**23. আকবর কত সালে তীর্থকর তুলে দেন?**
(a) ১৫৬২ সালে (b) ১৫৬৩ সালে
(c) ১৫৬৪ সালে (d) ১৫৬৫ সালে

**24. গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?**
(a) নন্দগুপ্ত (b) মহাগুপ্ত
(c) শ্রীগুপ্ত (d) কোনোটি ঠিক নয়

**25. অরুণাচল প্রদেশ কত সালে রাজ্য হিসাবে গঠিত হয়?**
(a) ১৯৮৬ সালে (b) ১৯৬৩ সালে
(c) ১৯৮৭ সালে (d) ১৯৭২ সালে

**26. লোকপাল বা লোকপালের মতো প্রতিষ্ঠান প্রথম কোন দেশে চালু হয়েছিল?**
(a) ব্রাজিল (b) মায়ানমার
(c) সুইডেন (d) ভারত

RICE EDUCATION

**27. সম্প্রতি বাংলাদেশে গত ৪৭ বছরের ইতিহাসে প্রথম মহিলা মেজর জেনারেল হিসেবে কে নিযুক্ত হন?**

(a) নাসরিন জাহান (b) সেলিনা হুসেন
(c) মণিকা আলি (d) সুসেইন গিতি

**28. ভারতের একটি শীতল মরু অঞ্চল নিচের কোনটি?**

(a) লাদাখ (b) শিমলা
(c) কাশ্মীর (d) কোনোটি ঠিক নয়

**29. বীণা এবং জয়ের বর্তমান বয়সের অনুপাত 2 : 3, 4 বছর পর তাদের বয়সের অনুপাত হবে 5 : 7. জয়ার বর্তমান বয়স কত?**

(a) 21 বছর (b) 22 বছর
(c) 24 বছর (d) 30 বছর

**30. কাচের গায়ে লেখার জন্য কোন অ্যাসিড ব্যবহৃত হয়?**

(a) নাইট্রিক অ্যাসিড (b) সালফিউরিক অ্যাসিড
(c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) হাইড্রোফ্লোরিক অ্যাসিড

**ANSWERS**

1. (a) 2. (b) 3. (c) 4. (b) 5. (c) 6. (d) **সমাধান:** যেহেতু 2 জন পুরুষ ও 3 জন বালক 10 দিনে যে কাজ করে, 3 জন পুরুষ ও 4 জন বালক 9 দিনে সেই কাজটিই করে, সুতরাং, লেখা যায়—

$10(2M + 5B) = 9(3M + 4B)$ [By Basic rule 4]

বা, $20M + 50B = 27M + 36B$

বা, $7M = 14B$ বা, $1M = 2B$ অর্থাৎ, 1 জন পুরুষ = 2 জন বালক।

এখন, $(2M + 5B) = (2\times2)B + 5B = 9B$ [যেহেতু, $1M = 2B$]

আবার, $9M = (9\times2)$ or, 18B.

অতএব, এখন প্রশ্নটি দাঁড়াল: 9 জন বালকের একটি কাজ করতে 10 দিন লাগলে, 18 জন বালকের ওই কাজ করতে কতদিন লাগবে?

অতএব, $9\times10 = 18\times D_2$

or, $D_2 = \frac{9\times10}{18} = 5$ দিন।

7. (a) **সমাধান:** ১ম নল দ্বারা একটি ট্যাঙ্ক 6 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ১ম নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{6}$ অংশ পূর্ণ হয়।

আবার, ২য় নল দ্বারা ট্যাঙ্কটি 8 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ২য় নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{8}$ অংশ পূর্ণ হয়।

কিন্তু ৩য় নল দ্বারা ট্যাঙ্কটি 12 মিনিটে পূর্ণ হয়।

অতএব, ৩য় নল দ্বারা 1 মিনিটে ট্যাঙ্কটির $\frac{1}{12}$ অংশ পূর্ণ হয়।

এখন তিনটি নলই একসঙ্গে খোলা থাকলে 1 মিনিটে পূর্ণ হয় $\left(\frac{1}{6}+\frac{1}{8}+\frac{1}{12}\right)$

বা, $\frac{3}{8}$ অংশ পূর্ণ হয়।

অতএব, নল 3টি দ্বারা ট্যাঙ্কটির $\frac{3}{8}$ অংশ পূর্ণ হয় 1 মিনিটে।

অতএব, নল 3টি দ্বারা ট্যাঙ্কটির 1 অংশ পূর্ণ হয় $\frac{8}{3}$ মিনিটে = $2\frac{2}{3}$ মিনিটে।

8. (a) 9. (b) 10. (a) 11. (a) 12. (b) 13. (b) 14. (c) 15. (b) 16. (a) 17. (b) 18. (b) 19. (c) 20. (d) 21. (a) 22. (a) 23. (b) 24. (c) 25. (c) 26. (c) 27. (d) 28. (a) 29. (c) **সমাধান:** মনে করুন, বীণার বর্তমান বয়স x বছর এবং জয়ার বর্তমান বয়স y বছর।

বর্তমানে বীণা ও জয়ার বয়সের অনুপাত 2 : 3.

অর্থাৎ, $x : y = 2 : 3$ or, $\frac{x}{y} = \frac{2}{3}$ or $3x = 2y$

or, $3x - 2y = 0$ .... (i)

আবার, 4 বছর পরে, বীণা ও জয়ার বয়সের অনুপাত হবে 5 : 7.

অতএব, $\frac{x+4}{y+4} = \frac{5}{7}$ or, $7x + 28 = 5y + 20$

$7x - 5y = 8$ ... (ii)

(ii) নং × 3 এবং (i) নং× 7 দিয়ে বিয়োগ করে পাই–

$21x - 15y = 24$

$21x - 14y = 0$

$-y = -24$ or, $y = 24$.

অতএব, জয়ার বর্তমান বয়স 24 বছর।

30. (d)

RICE EDUCATION